

সিডিএ'র উদ্যোগে ঢাকা মহানগরীর পথ শিশুদের মাঝে খাবার বিতরণ

নতুন বার্তা, ঢাকা:

Published : Tuesday, 13 October, 2020 at 5:27 PM

অ+অ-অ



ঢাকা মহানগরীতে পথ শিশুরা সবসময়ই অসহায় জীবন যাপন করে আসছে যা করোনভাইরাস মহামারী আরো কয়েকগুন বাড়িয়ে দিয়েছে। এ কারণে পথ শিশুদের একদিকে যেমন স্বাস্থ্য ঝুঁকি বাড়ছে অন্যদিকে ঠিক তেমনি বাড়ছে খাদ্যাভাব। এসব পথ শিশুর সহায়তায় এগিয়ে এসেছে বেসরকারি উন্নয়ন সংস্থা সেন্টার ফর ডেভেলপমেন্ট অ্যাকশন (সিডিএ)। উল্লেখ্য যে, সিডিএ প্রোগ্রাম, গবেষণা ও পলিসি এ্যাডভোকেসির মাধ্যমে দেশের উন্নয়নে নিরন্তর কাজ করে যাচ্ছে। গত ৯ অক্টোবর, ২০২০ রোজ শুক্রবার রাত ৭:৩০ টা থেকে ১০:৩০ টা পর্যন্ত সিডিএ'র স্বেচ্ছাসেবক টিম মহানগরীর মোহাম্মদপুর, গাবতলী বাস টার্মিনাল, সংসদ ভবন, ফার্মগেট, কাওরান বাজার ও মালিবাগ এলাকায় ঘুরে ঘুরে মোট ১০০ জন পথ শিশুর প্রত্যেককে এক প্যাকেট করে চিকেন-সবজি খিচুড়ি বিতরণ করেন। এই ১০০ জন পথ শিশুর মধ্যে ৭৩ জনই ছিল ছেলে আর ২৭ ছিল মেয়ে।

